


দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমানজল হোসেন মাসিক মিয়া

হোমনায় জেডিসি পরীক্ষায় শিক্ষকসহ বহিষ্কার দুই দুই শিক্ষককে অব্যাহতি

 ০৬ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

হোমনা (কুমিল্লা) সংবাদদাতা

সোমবার হোমনায় জুনিয়র মাদ্রাসা সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় নকল করা ও সহযোগিতার অপরাধে এক শিক্ষক ও শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া সঠিকভাবে হল পর্যবেক্ষকের দায়িত্ব পালন না করায় আরো দুই শিক্ষককে পরীক্ষার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

হোমনা খাদিজা মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে আকাইদ ও ফিকাহ পরীক্ষায় উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আজগর আলী এ বহিষ্কার করেন। বহিষ্কৃত শিক্ষক মো. সোহেল রানা উপজেলার বাবরকান্দি দারুস সুন্নাহ দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক। অব্যাহতি প্রাপ্ত শিক্ষকরা হলেন উপজেলার রঘুনাথপুর মাদ্রাসার সহকারী শিক্ষক মো. আলমগীর ও হোমনা ইসলামীয়া আলীম মাদ্রাসার সহকারী শিক্ষক মো. সামসুজ্জামান। আর বহিষ্কৃত ছাত্র হামজা ভূইয়া হোমনা ইসলামীয়া আলীম মাদ্রাসার ছাত্র।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত